

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 13-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভার্চুয়ালভাবে বিভিন্ন রেল স্টেশনে ১৮টি প্রধানমন্ত্রী ভারতীয় জন ঔষুধি কেন্দ্রের উদ্বোধন করেন ।
- (২) ২৮তম রাজ্যভিত্তিক যুব উৎসব আজ থেকে কৈলাশহরে শুরু হয়েছে ।
- (৩) কেন্দ্রীয় জলশক্তিমন্ত্রী সি.আর. পাটিল সম্মিলিত প্রচেষ্টায় ২০২৫ সালের মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ স্বচ্ছতা অর্জন করার আহ্বান জানিয়েছেন ।
- (৪) ত্রিপুরা ও জম্মু-কাশ্মীরের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে ।

PM, Jana Aushadhi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সারা দেশের বিভিন্ন রেল স্টেশনে ১৮টি প্রধানমন্ত্রী ভারতীয় জন ঔষুধি কেন্দ্রের উদ্বোধন করেন। তিনি বিহারের দারভাঙ্গা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কেন্দ্রগুলি এবং ১২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের অন্যান্য উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেন।

এই কেন্দ্রগুলি যাত্রীদের জন্য রেল স্টেশনগুলিতে সাশ্রয়ী মূল্যের ঔষুধের প্রাপ্যতা নিশ্চিত করবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, দেশে সামগ্রিক স্বাস্থ্য সেবার ওপর তাঁর সরকার প্রাধান্য দেয়।

দারভাঙ্গার শোভনে একটি জনসভায় শ্রী মোদি বলেন যে সরকারের পাঁচটি লক্ষ্যের মধ্যে রয়েছে রোগ প্রতিরোধ, সাশ্রয়ী মূল্যে রোগের পরীক্ষা, চিকিৎসায় প্রযুক্তির ব্যবহার এবং সাধারণ মানুষের মঙ্গলের জন্য সর্বোত্তম স্বাস্থ্য পরিষেবা প্রদান করা। প্রধানমন্ত্রী বলেন,

#####Byte#####

তিনি আরো বলেন, আগামী পাঁচ বছরে ৭৫ হাজার নতুন মেডিকেল আসন সৃষ্টি করা হবে। অর্থনৈতিকভাবে দুর্বলদের জন্য দেশে এক লক্ষ ৫০ হাজারের বেশি আয়ুষ্সহান আরোগ্য মন্দির খোলা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন যে, রোগ প্রতিরোধের জন্য ফিট ইন্ডিয়া এবং স্বচ্ছ ভারত অভিযান শুরু করা হয়েছে। তিনি বলেন, উচ্চাভিলাষী আয়ুষ্সহান ভারত প্রকল্প থেকে চার কোটি দরিদ্র উপকৃত হয়েছেন এবং এটি বহু মানুষের জীবন বাঁচিয়েছে এবং দরিদ্র পরিবারের প্রায় ১.২৫ লক্ষ কোটি টাকা সাশ্রয় হয়েছে। প্রধানমন্ত্রী ১১,০০০ কোটি টাকার আর্থিক বরাদ্দ সহ কোসি এবং মিথিলা অঞ্চলে বন্যা প্রশমনের জন্য কেন্দ্রের উদ্যোগের কথা বিশেষভাবে উল্লেখ করেন। তিনি মঞ্চ থেকে কিংবদন্তি লোকশিল্পী শারদা সিনহাকে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার, মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন।

Jana Aushadhi-State :

প্রধানমন্ত্রী বিহারের দারভাঙ্গা থেকে ভার্চুয়ালি আজ আগরতলা রেলস্টেশনেও জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন করেন। এই উপলক্ষে আগরতলা রেলস্টেশনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য। তিনি আগরতলা রেলস্টেশনে জনঔষধী কেন্দ্র চালু করায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি বলেন, আগরতলা রেলস্টেশনে জনঔষধী কেন্দ্র চালু হওয়ায় এতে রেল

যাত্রীদের পাশাপাশি সাধারণ জনগণও সুলভ মূল্যে ওষুধ কিনতে পারবেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কাউন্সিলর উদয়ভাস্কর চক্রবর্তী, এন এফ রেলওয়ের লামডিং ডিভিশনের ডিভিশনাল কর্মার্শিয়াল ম্যানেজার এ.কে. পান্ডে প্রমুখ।

State Level Youth Festival :

২৮তম রাজ্যভিত্তিক যুব উৎসব আজ থেকে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে শুরু হয়েছে। পাশাপাশি বিজ্ঞান মেলাও শুরু হয়েছে। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ বিকালে তিনদিনের এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। উদ্বোধকের ভাষণে মন্ত্রী টিংকু রায় বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত রাষ্ট্রে উন্নীত করার কথা বলছেন। সেখানেও যুবকদের অংশগ্রহণ প্রয়োজন। তিনি বলেন, শিক্ষা, বিজ্ঞান গবেষণা, ক্রীড়া নানা ক্ষেত্রেই দেশ এগোচ্ছে। ত্রিপুরাতেও বর্তমান সরকারের আমলে বিকাশের দিকে এগিয়ে যাচ্ছে বলে তিনি মন্তব্য করেন। রাজ্যভিত্তিক যুব উৎসব উপলক্ষ্যে এক বর্ণাঢ্য শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। যুব উৎসবে বারোটি বিষয়ের উপর প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন জেলা থেকে প্রায় ছয় শতাধিক যুবক-যুবতী অংশ নিয়েছে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ডক্টর প্রদীপ কুমার চক্রবর্তী, দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ প্রমুখ।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ দিল্লির দ্বারকায় প্রস্তাবিত ত্রিপুরা ভবনের নকশা নিয়ে পর্যালোচনা করেছেন। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বৈঠকে কৌটিল্য মার্গ এবং বীর টিকেन्द्रজিত মার্গে ত্রিপুরা ভবনের সম্প্রসারণ এর পরিকল্পনা নিয়েও আলোচনা হয়েছে।

Dharti Aaba Janajatiya Gram Utkarsh Abhiyan :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৫ই নভেম্বর চতুর্থতম জনজাতীয় গৌরব দিবস উপলক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের ভার্চুয়ালভাবে সূচনা করবেন। এই উপলক্ষ্যে আমবাসা টাউন হলেও অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় খাদ্য, জনসংভরণ ও ভোক্তা বিষয়ক দপ্তরের রাষ্ট্রমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া, বিধায়ক শম্ভুলাল চাকমা, পল দাংসু, ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস প্রমুখ।

Doner Minister :

কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া দুই দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামীকাল সন্ধ্যায় আগরতলা পৌঁছুবেন। পরদিন অর্থাৎ ১৫ই নভেম্বর সকালে আগরতলায় জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠানে যোগ দেবেন। ঐদিনই তিনি মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড, মিজোরামে গিয়েও মুখ্যমন্ত্রীদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন। তিনি ১৫ই নভেম্বর আগরতলা থেকে যাবেন মেঘালয়ে। সেখানে তিনি রি-ভোই জেলায় অনুষ্ঠেয় চেরি ব্লসম ফেস্টিভাল-২০২৪ এ অংশ নেবেন।

Swachh Bharat Mission :

কেন্দ্রীয় জলশক্তিমন্ত্রী সি.আর. পাটিলের পৌরহিত্যে গতকাল গুয়াহাটিতে 'স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ' এর একটি গুরুত্বপূর্ণ পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সিকিম, মণিপুর ও মিজোরামের গ্রামীণ স্বাস্থ্যবিধি দফতরের মন্ত্রিগণ, কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের পানীয় জল ও স্বাস্থ্যবিধি বিভাগের সচিব অশোক কুমার কালুরাম মিনা, রাজ্যগুলির 'স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ'-এর মিশন অধিকর্তা সহ উচ্চপদস্থ আধিকারিকরা। বৈঠকে জানানো হয় উত্তর-পূর্বাঞ্চলের ৫১% গ্রামকে 'ওডিএফ প্লাস মডেল' হিসেবে ঘোষণা করা হয়েছে এবং এক্ষেত্রে ১০০% সাফল্য অর্জন করেছে সিকিম। এই তালিকায় দ্বিতীয় স্থানে আছে মিজোরাম ৮৬%, তৃতীয় ত্রিপুরা ৮০% এবং চতুর্থ হয়েছে আসাম ৭৪%। এই সাফল্যের প্রশংসা করে মন্ত্রী বলেন, "উত্তর-পূর্বাঞ্চল তার অনন্য চ্যালেঞ্জ সত্ত্বেও স্বাস্থ্যবিধির ক্ষেত্রে স্থিতিস্থাপকতা এবং উদ্ভাবনার নজির স্থাপন করেছে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে ২০২৫ সালের মার্চের মধ্যে সম্পূর্ণ স্বচ্ছতা অর্জন করার আহ্বান জানান তিনি।

Film Festival :

আগামী ২০ নভেম্বর থেকে গোয়ায় ৫৫-তম ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ শুরু হবে। উৎসব চলবে ২৮শে নভেম্বর পর্যন্ত। তথ্য ও সম্প্রচার মন্ত্রক 'জাতীয় চলচ্চিত্র উন্নয়ন নিগম', এনএফডিসি এবং 'এন্টারটেনমেন্ট সোসাইটি অব গোয়া'র সহযোগিতায় এই উৎসবের আয়োজন করা হয়েছে। এবারের ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে তরুণ প্রজন্মের অংশগ্রহণ আরোও বাড়াতে বিশেষভাবে জোর দেওয়া হচ্ছে। এই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের মূলভাব: 'তরুণ চলচ্চিত্র

নির্মাতারা: এখন ভবিষ্যৎ-সৃজনশীলতার ভবিষ্যৎকে রূপ দিতে তরুণদের সম্ভাবনাময় প্রতিভাশক্তির প্রতি স্বীকৃতি দান ।"

এদিকে, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী ডঃ এল মুরুগান গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন, ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এখন কান চলচ্চিত্র উৎসবের মতোই বৈশ্বিক চলচ্চিত্র উৎসবগুলির সঙ্গে তুলনীয়।

তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু জানিয়েছেন, ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ উদীয়মান প্রতিভাদের উপর বিশেষভাবে আলোকপাত করছে। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪-এ এবারই প্রথম তরুণ চলচ্চিত্র নির্মাতাদের স্বীকৃতি জানাতে 'শ্রেষ্ঠ ভারতীয় নবাগত পরিচালক' নামে নতুন পুরস্কার চালু করা হল। জানানো হয় ব্যতিক্রমী শৈলীতে কাহিনি বলার মাধ্যমে চলচ্চিত্রের উপর চিরস্থায়ী প্রভাব সৃষ্টির জন্য সত্যজিৎ রায় জীবন সুকৃতি পুরস্কার দেওয়া হবে প্রখ্যাত অস্ট্রেলিয়ান পরিচালক ফিলিপ নরীকে।

ADC-Press Meet :

এডিসি এলাকায় ৩৫ কোটি টাকা ব্যয়ে ৫০টি স্মোক হাউস গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ খুমলুং-এ সাংবাদিক সম্মেলনে এডিসি'র উপজাতি কল্যাণ ও স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই একথা জানান। তিনি জানান এই স্মোক হাউসের মাধ্যমে রাবার তৈরী করে বাজারজাত করা হবে। শ্রী কলই আরো জানান, তীর্থমুখে ৩৫ কোটি টাকা ব্যয়ে "রাইমা সাইমা" নামে একটি অতিথিশালা নির্মাণ করা হবে। খেরেংবার সি এস সি হাসপাতালটি পরিকাঠামো সম্প্রসারণের জন্য ১০ কোটি টাকা ব্যয় করা হবে।

Rally :

৭১তম অখিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষে রাজ্য সমবায় দপ্তরের উদ্যোগে আজ আগরতলা প্যালেস কম্পাউন্ডে দপ্তরের মূল কার্যালয় থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। শোভাযাত্রায় উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, মার্কফেডের চেয়ারম্যান অভিজিৎ দেব, গোমতী ডেয়ারির চেয়ারম্যান রতন ঘোষ। রেলিতে বিভিন্ন সমবায় সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সমবায় মন্ত্রী বলেন, সমবায়ের মূল লক্ষ্য হচ্ছে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করা। ভারত সরকারের এই লক্ষ্যকে সামনে রেখে রাজ্য সমবায় দপ্তর কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, আগামীকাল আগরতলার টাউন হলে রাজ্যভিত্তিক ৭১তম অখিল ভারত সমবায় সপ্তাহ পালনের সূচনা হবে।

Petrol :

রাজ্যে পর্যাপ্ত পরিমাণে পেট্রোল ও ডিজেল এসে পৌঁছেছে। খাদ্য দপ্তরের অধিকর্তা সুমিত লোধ আজ জানিয়েছেন, ইতিমধ্যে রাজ্যে দুই ওয়াগন পেট্রোল এসে পৌঁছেছে। সব মিলিয়ে ১৪০০ কিলোলিটার পেট্রোল ও ২৪০০ কিলোলিটার ডিজেল রাজ্যে পৌঁছেছে। তিনি জানান, আগামীকাল দুপুরের মধ্যে রাজ্যের পেট্রোল পাম্পগুলোতে পেট্রোল ডিজেল সরবরাহ স্বাভাবিক হতে পারে।

Zoo-Sepahijala :

বিশালগড় বিধানসভা কেন্দ্রের বিধায়ক সুশান্ত দেব আজ তাঁর নিজের জন্মদিন উপলক্ষে সিপাহীজলা চিড়িয়াখানার সেরা নামে একটি রয়েল বেঙ্গল টাইগারকে ৩ মাসের জন্য দত্তক নিয়েছেন। প্রাণী দত্তক নেওয়ার আইন অনুযায়ী বিধায়ক শ্রী দেব এই বাঘটিকে দত্তক নেন। বিধায়ক বলেছেন,

#####Byte#####

সিপাহীজলা চিড়িয়াখানার অধিকর্তা বিশ্বজিৎ দাস জানান, একটি রয়েল বেঙ্গল টাইগারের খাবার এবং ওষুধের জন্য বছরে প্রায় ৭ লক্ষ ৭০ হাজার টাকা ব্যয় হয়। সে হিসাবে রয়েল বেঙ্গল টাইগার সেরাকে ৩ মাসের জন্য দত্তক নেওয়ায় বিধায়ক সুশান্ত দেব সরকারী কোষাগারে প্রায় ১ লক্ষ ৯৩ হাজার টাকা প্রদান করেছেন।

Training :

ভারত সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কর্মধারা পোষন ভি পড়াই ভি বিষয়ে তিনদিনের প্রশিক্ষণ কর্মসূচি আজ থেকে কৈলাশহর সার্কিট হাউসে শুরু হয়েছে। সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। তিনি বলেন, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির ক্রম উন্নতির লক্ষ্যে সরকার কাজ করছেন। পাশাপাশি কর্মীদের সমস্যা সমাধানে সরকার আগ্রহী। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, দপ্তরের অধিকর্তা তপন কুমার দাশ, জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ। এখানে কয়েকজন গর্ভবতী মহিলাকে পোষন কিট ও অঙ্গন ওয়াড়ি কর্মীদের ব্যাগ প্রদান করা হয়।

Ranji Trophy :

ত্রিপুরা ও জম্মু-কাশ্মীরের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। জম্মুর হোস্টেল মাঠে অনুষ্ঠিত খেলায় টেসে জিতে স্বাগতিক জম্মু-কাশ্মীর প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৬৫ রান সংগ্রহ করে। দলের অধিনায়ক মনদীপ সিং ৬৭ রান করেন। জবাবে জম্মু-কাশ্মীর প্রথম ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৮২ রান তুলতে সক্ষম হয়।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের খেলা এবার আগরতলায় অনুষ্ঠিত হবে। এতে ত্রিপুরা সহ খেলবে মিজোরাম, মনিপুর ও সিকিম। আগামী ১৫ থেকে ১৯ নভেম্বর পর্যন্ত এই আসর উমাকান্ত মিনি স্টেডিয়ামে হবে। আজ এক সাংবাদিক সম্মেলনে টিএফএ'র সভাপতি প্রণব সরকার এখবর জানান। তিনি আরো জানান, আসরে অংশ নিতে মণিপুর ও মিজোরাম দল এসে পৌঁছে গেছে। সিকিম দলটিও রাতে পৌঁছে যাবে। আসরের লক্ষ্যে সবধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে টিএফএ'র কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Cooch Behar Trophy :

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের ত্রিপুরা ও মিজোরামের মধ্যে চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে টসে জিতে ব্যাট করতে নেমে সফরকারী মিজোরাম প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৬৬ রান সংগ্রহ করে। রাজ্যদলের রাইহান আহমেদ আর্মান ২৩ রানে ৫টি উইকেট পায়। জবাবে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ১৬৩ রান করে। দলের পক্ষে অর্কজিত পাল ৬৬ রান করে।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.২ ডিগ্রি সেলসিয়াস।
